# পাঠক্রম

## বাংলা [Higher Secondary (Classes XI & XII)

### ১। পাঠ্যপুস্তক (Text) নির্ভর প্রশ্ন

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ প্রকাশিত ‘সাহিত্য সঞ্চয়ন’ (প্রথম ভাষা- নবম ও দশম শ্রেণি), ‘সাহিত্য সম্ভার’ (দ্বিতীয়ভাষা- নবম ও দশম শ্রেণি), ‘প্রোফেসর শঙ্কুর ডায়রি’, ‘কোনি’; (পশ্চিমবঙ্গ উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ প্রকাশিত ‘সাহিত্যচর্চা’ (প্রথম ভাষা- একাদশ ও দ্বাদশ শ্রেণি), ‘সাহিত্যকথা’ (দ্বিতীয়ভাষা- একাদশ ও দ্বাদশ শ্রেণি) অবলম্বনে প্রশ্ন রচিত হবে।

### ২। বাংলা শিল্প, সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

**ক.** পশ্চিমবঙ্গ উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ প্রকাশিত ‘বাঙালির ভাষা ও সংস্কৃতি’ (একাদশ শ্রেণি) এবং ‘বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস’ (দ্বাদশ শ্রেণি) অবলম্বনে প্রশ্ন রচিত হবে।

**খ. বাংলা সাহিত্য: নতুন দিগন্ত (অনুবাদ ও অনুষঙ্গ):**

- **ভারতীয় সাহিত্য:** কালিদাস, শূদ্রক, কবীর, ইকবাল, ভানুভক্ত, অমৃত প্রীতম, প্রেমচন্দ, বিজয় তেন্ডুলকার, গোপীনাথ মহান্তি, আইয়াপ্পা পানিক্কর
- **আন্তর্জাতিক সাহিত্য:** শেক্সপিয়র, টলস্টয়, চেকভ, মপাঁসা, গ্যোয়েটে, নেরুদা, গাবরিয়েল গার্সিয়া মার্কেজ, ল্যাংস্টন হিউজ, আর্নেসট হেমিংওয়ে, টি.এস.এলিয়ট

### ৩। ব্যাকরণ

- **ধ্বনি ও ধ্বনি পরিবর্তন:**
  - **ক.** ধ্বনি- বাংলা ধ্বনির শ্রেণিবিভাগসহ বিস্তারিত আলোচনা।
  - **খ.** ধ্বনি পরিবর্তনের কারণ ও পরিবর্তনের বিভিন্ন রীতি।
  - **গ.** সন্ধি
- **শব্দগঠন:** উপসর্গ, অনুসর্গ, ধাতু ও প্রত্যয়
- **বাংলা শব্দ-ভান্ডার**
- **শব্দ ও পদ:** বিশেষ্য- বিশেষণ-সর্বনাম-অব্যয়-ক্রিয়া বিস্তারিত আলোচনা
- **কারক ও অ-কারক সম্পর্ক:** শ্রেণিবিভাগ, বিভক্তি ও অনুসর্গ অনুযায়ী কারকের শ্রেণিবিভাগ
- **সমাস:** পরিভাষা ও তাদের ব্যাখ্যা, শ্রেনিবিভাগ
- **বাক্য:**
  - **ক.** বাক্য নির্মাণের শর্ত- যোগ্যতা, আকাঙ্ক্ষা, আসক্তি
  - **খ.** উদ্দেশ্য ও বিধেয় সম্পর্কে ধারণা
  - **গ.** বিশেষ্যখন্ড, ক্রিয়াবিশেষণখন্ড, ক্রিয়াখন্ড
  - **ঘ.** বাক্যের গঠনগত ও অর্থগত শ্রেণিবিভাগ
  - **ঙ.** বাক্যের রূপান্তর- গঠন ও অর্থ অনুসারে
- **বাচ্য:** শ্রেণিবিভাগ বাচ্য পরিবর্তন

এছাড়াও পশ্চিমবঙ্গ উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ প্রকাশিত একাদশ শ্রেণির বাঙালির ভাষা ও সংস্কৃতির ‘ভাষা’ অংশ এবং দ্বাদশ শ্রেণির ‘বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস’ গ্রন্থের ভাষা অংশ অবলম্বনে প্রশ্ন রচিত হবে

### ৪। সাহিত্যের রূপরীতি

**কাব্য:** মহাকাব্য গীতিকবিতা
**নাটক:** ট্র্যাজেডি, কমেডি, প্রহসন, একাঙ্ক
**উপন্যাস, ছোটোগল্প, প্রবন্ধ:** রূপবৈচিত্র্য